বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৪৮ তারিখঃ ০৬জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
২০ মে, ২০২১ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৭৭৪ তম কমিশন সভা অদ্য ২০/০৫/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১। কমিশন অদ্যকার সভায়, Ring Shine Textiles Limited কোম্পানিকে অব্যবহৃত আইপিও ফান্ড (IPO) হতে ৪০ কোটি টাকা ব্যবহারের অনুমোদন প্রদান করেছে। উক্ত ফান্ড কোম্পানিটি Worker's Retrenchment payment (টাকা ১৫ কোটি), payment for BEPZA Dues (টাকা ৩ কোটি), Payment for Titas Gas Dues (টাকা ৩.৫০ কোটি), Re-payment of loan of Premier Bank ltd. (টাকা ১০ কোটি) and Dhaka Bank Ltd. (টাকা ৬ কোটি) এবং বিবিধ খাতে (টাকা ২.৫০ কোটি) ব্যয় করবে। কমিশন উক্ত ফান্ড ব্যবহারের ক্ষেত্রে প্রসপেক্টাসে বর্ণিত IPO Proceeds Utilization পবিরবর্তন/সংশোধন করার অনুমোদনও প্রদান করেছে। এছাড়া সভায় উক্ত কোম্পানিকে IPO Proceeds Utilization পরিবর্তন/সংশোধনের ক্ষেত্রে কোম্পানির ৫১% শেয়ারহোল্ডারদের উপস্থিতিতে সাধারণ সভায় (General Meeting) ঘটনাত্তোর অনুমোদন গ্রহণ করার অনুমোদন দেয়া হয়। কমিশন অদ্যকার সভায়, Ring Shine Textiles Ltd. এর প্রাক IPO পর্যায়ে প্রাইভেট অফারের মাধ্যমে উত্তোলিত মূলধনের বিপরীতে যেসব বিনিয়োগকারী টাকা প্রদান করেনি সে সকল শেয়ার এবং তার বিপরীতে ইস্যুকৃত সকল বোনাস শেয়ার বাজেয়াপ্ত করে কোম্পানির বর্তমান পরিশোধিত মূলধন থেকে বাদ দেয়ার (Capital Reduction) সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। কমিশন অদ্যকার সভায়, Shanta Equity Limited কে একটি Full-Fledged মার্চেন্ট ব্যাংকার নিবন্ধন সনদ প্রদানের সিদ্ধান্ত গ্রহন করেছে।

০৩। দীর্ঘমেয়াদী অর্থায়নের উৎস হিসেবে কর্পোরেট বন্ড মার্কেট উন্নয়নের লক্ষ্যে কমিশন অদ্যকার সভায় Perpetual Bond সংক্রান্ত একটি নির্দেশনা অনুমোদন করেছেন। উক্ত নির্দেশনার বিষয়বস্তু নিম্নরুপঃ-

(ক) যদি কোন ইস্যুয়ার Perpetual Bond ইস্যুর মাধ্যমে অর্থ সংগ্রহ করতে চায় তবে তাকে অবশ্যই প্রস্তাবিত Perpetual Bond এর কমপক্ষে অর্থের ১০% পাবলিক অফারের মাধ্যমে সংগ্রহ করতে হবে।

(খ) ইতোমধ্যে যে ১১ (এগার) টি ব্যাংক কে Perpetual Bond ইস্যুর মাধ্যমে অর্থ সংগ্রহের অনুমতি প্রদান করা হয়েছে, সেগুলোকে ডাইরেক্ট লিস্টিংয়ের মাধ্যমে স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হতে হবে।

(গ) বাজার মধ্যস্থতকারী প্রতিষ্ঠান তথা মার্চেন্ট ব্যাংক এন্ড পোর্টফোলিও ম্যানেজার, এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি এবং স্টক ডিলার তাদের নিজস্ব পোর্টফোলিওর কমপক্ষে ৩% আগামী ৩০ জুন, ২০২২ এর মধ্যে পুঁজিবাজার তালিকাভুক্ত ডেট সিকিউরিটিজে বিনিয়োগ করতে হবে।

(ঘ) মিউচুয়্যাল ফান্ডের পোর্টফোলিওর কমপক্ষে ৩% পুঁজিবাজারের তালিকাভুক্ত ডেট সিকিউরিটেজে বিনিয়োগ করতে হবে। যা, মিউচুয়্যাল ফান্ডের ট্রাষ্টি নিশ্চিত করবে।

20-05-2021
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র



"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"